

অন্টারিওতে মুসলিমদের বিয়ের নিয়ম কানুন

কানাডার অন্টারিও প্রদেশের সরকারী নিয়ম অনুযায়ী দু'ভাবে একটি বিয়ে সম্পন্ন হতে পারে। একটি হচ্ছে সিভিল ম্যারেজ বা বেসরকারী বিবাহ এবং অন্যটি হচ্ছে ধর্মীয় বিবাহ। স্থানীয় আদালতের কোন বিচারক অথবা “জাস্টিস অব পিচ” উভয়ই শুধুমাত্র একটি ম্যারেজ লাইসেন্সের বিধানের অধীন সিভিল ম্যারেজের বিয়ে সম্পন্ন করাতে পারেন। এ জন্য উপযুক্ত দিন-তারিখ নির্ধারণ ও দু'জন স্বাক্ষী যোগাড় এবং প্রয়োজনীয় ফি প্রদান করার দায়িত্ব বর ও কনে পক্ষের।

আর ধর্মীয় বিয়ে পড়াতে পারেন এমন একজন ধর্মীয় ব্যক্তিত্ব যিনি স্থানীয় ধর্মীয় উপাসনালয় যেমন মসজিদ পরিচালনা কমিটি কর্তৃক স্বীকৃত এবং অন্টারিও বিবাহ আইন বা ম্যারেজ এক্ট-এর আওতায় বিয়ে পড়ানোর জন্য সরকারীভাবে রেজিস্ট্রিকৃত ও তালিকাভুক্ত কোন ব্যক্তি। বাংলাদেশে তার কাজী পদবী হলেও কানাডায় এরূপ কোন নির্দিষ্ট পদবী নেই। তবে সরকারীভাবে তিনি মিনিষ্টার অব রিলিজিয়ন ইন ইসলাম বা ম্যারেজ রেজিস্ট্রার নামে পরিচিত।

ম্যারেজ লাইসেন্সঃ কানাডার আইন অনুযায়ী আগে ম্যারেজ লাইসেন্স সংগ্রহ এবং তার পর বিয়ে সম্পন্ন হয়। পদ্ধতিগতভাবে ম্যারেজ লাইসেন্স ছাড়া কোন ম্যারেজ রেজিস্ট্রার বা মিনিষ্টার অব রিলিজিয়ন ইন ইসলাম সরকারীভাবে বিয়ে পড়াতে পারেন না। অনেক সময় অভিযাবক শ্রেণী সব কিছুর আয়োজন করে যখন সবাইকে অনুষ্ঠানে আহ্বান করেন তখন দেখা যায় ম্যারেজ লাইসেন্স সংগ্রহ করা হয়নি অথবা এ ব্যাপারে কোন পক্ষেরই আগে থেকে জানা নেই। এতে সবাই বিব্রতকর অবস্থায় পড়ে যান। এ পরিস্থিতি বর ও কনের মনকেও বিষাক্ত করতে পারে। এমতাবস্থায় কোন কোন ক্ষেত্রে শুধু ধর্মীয় শর্তগুলো পূরণ করে বিয়ে সম্পন্ন করা হয়। কিন্তু এটা বিধিসম্মত হয় না। যিনি বিয়ে পড়ান তাকে অথবা অসত্যের আশ্রয় নিতে হয়। এখানে জেনে রাখা দরকার যে, ম্যারেজ লাইসেন্স পাওয়ার পর সেটা তিন মাস পর্যন্ত বৈধ থাকে। এ তিন মাসের মধ্যে যে কোন দিনে বিয়ে হতে পারে। নির্ধারিত সময় অতিবাহিত হলে নতুন করে লাইসেন্স সংগ্রহ করতে হবে। কানাডার আইন অনুযায়ী বিয়ের জন্য কারও বয়স অন্তত ১৮ বছর হতে হবে। ষোল বছরের কম বয়সে কেউ বৈধভাবে বিয়ে করতে পারেন না। ষোল থেকে ১৮ বছরের মধ্যে কোন ব্যক্তি আইনগত অভিযাবকের অনুমতি নিয়ে বিয়ে করতে পারে।

স্থানীয় মিউনিসিপাল অফিস থেকে লিখিত অনুমোদন বা লাইসেন্স ফর্ম সংগ্রহ করতে হয়। ম্যারেজ লাইসেন্সের জন্য বিশেষ ফর্ম হচ্ছে “ম্যারেজ এ্যাক্ট-ফর্ম ৩”। নির্ধারিত ফি হচ্ছে ১৩০ কানাডিয়ান ডলার। নগদ, মানি অর্ডার, সত্যায়িত চেক, ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের মাধ্যমে ফি পরিশোধ করা যায়। ফর্ম ৩ স্থানীয় মিউনিসিপাল অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে অথবা ডাক যোগে Office of the Registrar General, P.O. Box 4600, 189 Red River Road, Thunder Bay, ON, P7B 6L8 ঠিকানায় চিঠি লিখে অথবা 1-800-461-2156 বা 416-325-8395 নম্বরে টেলিফোন করে এ ফর্ম সংগ্রহ করা যায়।

বর ও কনে উভয়ের সনাক্তকরণের জন্য পাসপোর্ট অথবা মূল জন্ম সার্টিফিকেট এবং যে কোন এক প্রকারের ফটো আইডি যেমন ড্রাইভার লাইসেন্স, হেলথ কার্ড প্রয়োজন। ফর্ম ৩ যথাযথ পূরণের পর নিকটস্থ মিউনিসিপাল ক্লার্ক-এর অফিসে সশরীরে গিয়ে ম্যারেজ লাইসেন্স শাখায় দাখিল করতে হয়। ফর্মে বর ও কনে উভয়ের স্বাক্ষর প্রয়োজন হলেও ফর্ম জমা দেয়ার সময় যে তাদের কোন একজন উপস্থিত থাকলেই চলে। যে কোন মিউনিসিপাল অফিস থেকে ম্যারেজ সার্টিফিকেট এবং লাইসেন্স সহ খাম সংগ্রহ করলেও সমগ্র অন্টারিও প্রদেশে তা কার্যকর থাকবে।

একটি বিষয়ে সাবধান থাকা দরকার যে, মিউনিসিপাল অফিসে কোন কোন বিচারক ও জাস্টিস অব পিচ অফিসার থাকেন। তাদের পক্ষ থেকে ম্যারেজ রেজিস্ট্রি করার জন্য লাইসেন্স গ্রহণকারীকে উদ্বুদ্ধ করা হয়। তাদের দ্বারা কখনও বিয়ে রেজিস্ট্রি করাবেন না; তা আমাদের ধর্মীয় মতে শুদ্ধ হবে না। তাদেরকে জবাবে বলবেন, “আমাদের মসজিদের ইমাম আমাদের বিয়ে রেজিস্ট্রি করবেন। খামসহ আমাদের লাইসেন্স আমাদের হাতে দিয়ে দিন।”

সরকারীভাবে তালিকাভুক্ত যে কোন ধর্মীয় ব্যক্তিত্বের উপস্থিতিতে স্থানীয় মসজিদ বা বাসগৃহে অথবা অন্য যে কোন উপযুক্ত স্থানে বিবাহ অনুষ্ঠান সম্পন্ন করা যায়। মসজিদের নিজস্ব কোন বইয়ে বর, কনে ও স্বাক্ষীদের সম্বন্ধে তথ্যাবলী লিপিবদ্ধ করা একান্ত বাঞ্ছনীয়। যিনি বিয়ে পড়ান, তিনি বর ও কনেকে চাহিদা মোতাবেক ইসলামী বৈবাহিক সনদপত্র প্রদান করতে পারেন। ম্যারেজ রেজিস্ট্রার বিয়ে সম্পন্ন দুই দিনের মধ্যে নির্ধারিত ফর্ম ৭ পূরণ করে রেজিস্ট্রার জেনারেলের অফিসে প্রেরণ করবেন। নতুন দম্পতিকে নির্ধারিত ফরমে ২২ ডলারের বিনিময়ে রেজিস্ট্রার জেনারেলের অফিস থেকে ম্যারেজ সার্টিফিকেটের সার্টিফাইড কপি সংগ্রহ করতে হয়। দীর্ঘ সাইজের কপি নিতে ২২ ডলার এবং পকেট সাইজ কপি নিতে ১৫ ডলার লাগে। বিয়ের তথ্যাবলী উক্ত অফিসে ৮০ বছর সংরক্ষিত থাকে; অতঃপর সেগুলো অন্টারিও আর্কাইভে পাঠানো হয়।

ম্যারেজ রেজিস্ট্রারের বিয়ে পড়ানোর মত মহৎ কাজের পারিশ্রমিক সরকার কর্তৃক নির্ধারিত নেই। কিন্তু তাকে উপযুক্ত সম্মানী দেয়া একটা কর্তব্য। বিয়ের অনুষ্ঠানে অনেকেই ধূমধাম ও প্রয়োজনের অতিরিক্ত খরচ করে থাকেন। কিন্তু এটা অত্যন্ত দুঃখজনক বিষয় যে, ম্যারেজ রেজিস্ট্রারকে হাদিয়া বা সম্মানী দেয়ার সময় তারা খুবই কার্পণ্য দেখান। উদার মনোভাব নিয়ে এ সম্মানী দেয়া উচিত; অন্তত ২০০ ডলার দেয়ার চেষ্টা করা দরকার।